# ইইউবির শিক্ষার্থী-শিক্ষক ও কর্মকর্তাদের সাথে আলোচনা ও মতবিনিময় সভা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মহামান্য রাষ্ট্রপতি ও মহামান্য আচার্য কর্তৃক নিয়োজিত বোর্ড অব এডমিনিস্টেটরস-এর চেয়ারম্যান প্রফেসর ড. মুহাম্মদ মেজবাহ-উল ইসলাম, সম্মানিত সদস্য প্রফেসর ড. ইলিয়াস আল- মামুন ও সম্মানিত সদস্য ব্রিগেডিয়ার জেনারেল (অব:) মঞ্জরুল আলম অদ্য ১৪-০৭-২০২৬খৃ. তারিখ ইউরোপিয়ান ইউনিভার্সিটি অব বাংলাদেশ-এ কর্মব্যস্ত সময় অতিবাহিত করেন। এ-সময় উপস্থিত ছিলেন বোর্ডের অন্যতম সদস্য ও উপাচার্য প্রফেসর ড. মো. গোলাম মরতুজা মহোদয় এবং কোষাধ্যক্ষ জনাব মো. মোশারফ হোসেন সরকার। এ-সময় ১৯৭১, ১৯৯০ এবং ২০২৪ সালের আন্দোলনে আত্মাহুতি দেয়া শহিদদের স্বরণ করেন।

মাননীয় বোর্ড সদস্যবৃন্দ পৃথকভাবে শিক্ষার্থী, শিক্ষক ও কর্মকর্তাদের সাথে মতবিনিময় করেন। দিনের প্রথমার্ধে শিক্ষার্থীদের সাথে আলোচনাকালে শিক্ষার্থীরা মাননীয় বোর্ড সদস্যদেরকে স্বাগত জানান এবং ইউনিভার্সিটির নানা সমস্যা তুলে ধরেন, বিশেষ করে ইউজিসি' র ওয়েবসাইটে বিশ্ববিদ্যালয়ের নামের পাশে তিন তারকা (*), দ্বিতীয় সমাবর্তন অনুষ্ঠান আয়োজন, ইত্যাদি। বিওএ-এর সদস্যগণ শিক্ষার্থীদের প্রত্যাশা পূরণের আশ্বাস দেন।

দ্বিতীয়ার্ধে শিক্ষকগণের সাথে মতবিনিময় করেন। বোর্ড সদস্যগণ পরিচিত হন এবং শিক্ষকদের পরিচয় গ্রহণ করেন। এ-সময় উপস্থিত শিক্ষকবৃন্দ প্রভিডেন্ট ফান্ড, স্টাডি লিভ এবং বিশ্ববিদ্যালয়ের Ranking, নিয়োগবিধি, ইত্যাদি বিষয় তুলে ধরেন। বোর্ড সদস্যবৃন্দ এ-বিষয়গুলো আরো স্বচ্ছ এবং ইউজিসি-এর নিয়মানুযায়ী কাজ করার আশ্বাস দেন।

অত:পর বিওএ বিশ্ববিদ্যালয়ের কর্মকর্তাদের সাথে মতবিনিময়ে মিলিত হন। কর্মকর্তাদের বেতন বৈষম্য দূরীকরণ, যথাসময়ে পদোন্নতি ও অন্যান্য প্রত্যাশা পূরণে সচেষ্ট থাকার আশ্বাস দেন এবং সকলকে ইউরোপিয়ান ইউনিভার্সিটির উন্নয়নকল্পে আত্মনিয়োগের আহবান জানান।

পরবর্তীতে, ভর্তি ও ছাত্রবিষয়ক দপ্তরের পরিচালক এবং অন্য সকল কর্মকর্তাসহ বিভিন্ন বিভাগ ও দপ্তর সরজমিনে পরিদর্শন করে। এরপর অর্থ ও হিসাব শাখার পরিচালক ও কর্মকর্তাদের সাথে একান্তে বৈঠক করে প্রয়োজনীয় দিক নির্দেশনা দেন।